দৈনিক খবর

তারিখ 25 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

কটিয়াদীতে থানা প্রকৌশলীর স্বজনপ্রীতিঃ

# শিক্ষা প্রকল্পের উন্নয়ন কাজে কারচুপির অভিযোগ

কটিয়াদী (কিশোরগঞ্জ), ২৪শে জানুয়ারী ● নিজস্ব সংবাদদাতা হাকিকুল ইসলাম খোকন জানানঃ কটিয়াদীতে শিক্ষা প্রকল্পের উন্নয়ন কাজের আদেশে ব্যাপক কারচুপি ও থানা প্রকৌশলীর স্বজন প্রীতির অভিযোগ পাওয়াগেছে।

প্রকাশ, গত ১৬-১১-৯২ইং থানা প্রকৌশলীর দফতর থেকে স্মারক নং থ/ই/কটি/ দরপত্র ৯২-১০/১০০০৮ বিজ্ঞপ্তি নং ০১/৯২-৯৩ আর্থিক বছরের সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় ৬টি কাজের জন্য ২৮-১১-৯২ইং পর্যন্ত ১ নং থেকে ৬ নং পর্যন্ত দরপত্র বিক্রির ও ২৯-১১-৯২ইং বেলা ১২টা পর্যন্ত দরপত্রদাতাগণ বাক্স খোলার নির্দেশ থাকলেও ঐদিন দেখা যায় যে, ১নং দরপত্রের কোন দরপত্র-দরপত্রদাতাগণের উপস্থিত স্বাক্ষরে দেখা যায় কেউই দরপত্র বাক্সে পাঠাননি। ৩টি দরপত্র ক্রেতা যথাক্রমে (১) শাদী নির্মাণ সংস্থা কিশোরগঞ্জ প্রোঃ আতাউর রহমান সাজু (২) শফিকুল ইসলাম চরপুক্ষিয়া (৩) শফিকুল আলম।

কিন্তু পরবর্তীতে দেখা যায়, ঘটনার ২দিন পর ১লা ডিসেম্বর স্থানীয় থানা প্রকৌশলী ডিএল বসাকের যোগসাজশে ১নং গ্রুপের তিনজন দরপত্র ক্রেতা গোপন পন্থায় ষড়যন্ত্রমূলকভাবে মিলিত হয়ে দরপত্র বাক্সে প্রেরণ করে এবং আতাউর রহমান সাজুকে কাজের বরাদ্দকৃত টাকার চেয়ে আরও ৮% অতিরিক্ত বরাদ্দ দিয়ে কার্যাদেশ দেয়া হয়েছে।

বিশস্ত সূত্রে জানা যায়, থানা প্রকৌশলী ব্যক্তি স্বার্থ চরিতার্থ করার জন্য এই কার্যাদেশ দেয় যাতে সরকারী অর্থ অতিরিক্ত ব্যয় হয়। তেমনিভাবে ২নং গ্রুপের নিম্ন দরপত্রদাতাকে বাদ দিয়ে থানা প্রকৌশলী তার নিজের লাভের জন্য সরকারী অর্থ ব্যয় করে উচ্চ দরপত্রদাতাকে কার্যাদেশ দেয়। যেমন ২নং দরপত্রের সর্বনিম্ন দরপত্রদাতা (ক) বোরহান উদ্দিন খান টাকার পরিমাণ ৩৩৪০৯০ টাকা, (খ) মোঃ আলী টাকার পরিমাণ ৩৪১৮৪৫ টাকা, (গ) কাজল রায় টাকার পরিমাণ ৩৪৮০০০ টাকা।

তারা $২\frac{১}{২}$% ব্যাংক ড্রাফট নিয়ে দরপত্র বাক্সে পাঠালেও এনালাইজ সংক্রান্ত ভুল দেখিয়ে নিম্ন দরপত্রদাতাকে বাদ দেয়া হয় যা ঠিকাদারী কাজ-কর্মের পরিপন্থী এবং ২নং গ্রুপ থেকে ৫নং গ্রুপ পর্যন্ত কারও এনালাইজ ঠিক হয়নি। ২৯-১১-৯২ইং তারিখে দরপত্র বাক্স খোলার পর থানা প্রকৌশলী নিজ মুখে এ কথা স্বীকার করলেও পরবর্তী সময়ে কিভাবে কার্যাদেশ দিলেন এটাই জিজ্ঞাসা। তেমনিভাবে বিভিন্ন সময় নানা অজুহাত দেখিয়ে প্রভাবশালী মহল থেকে শুরু করে ক্ষমতাসীনদের নাম ভাঙ্গিয়ে থানা প্রকৌশলী অন্যায় পথে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে ঠিকাদারদের কাছ থেকে নিজ স্বার্থ আদায় করে আসছেন বলে অভিযোগ পাওয়া গেছে। বিষয়গুলো জরুরীভাবে তদন্ত হওয়া আবশ্যক বলে অভিজ্ঞ মহল মনে করেন।